# সিজিএ নিউজ
# CGA NEWS

সংখ্যাঃ ০৪ বর্ষঃ ২-২০১৬ জানুয়ারী-জুন ২০১৬খ্রিঃ


## ভূমিকা

Sustainable Development Goals (SDG) অর্জনের লক্ষ্যে এগিয়ে চলছে বাংলাদেশ। পাশাপাশি ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে ভিশন-২০২১ লক্ষ্য অর্জনে অন্যান্য সরকারী প্রতিষ্ঠানের পাশাপাশি সরকারী আর্থ ব্যবস্থাপনায় অত্যন্ত গুরুত্বপূর্ণ স্তম্ভ হিসাবে নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ নিয়ে কাজ করে যাচ্ছে হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়। অর্পিত দায়িত্বসমূহ পেশাদারিত্বের সাথে এবং প্রযুক্তির সর্বাধিক প্রয়োগের মাধ্যমে সেবাসমূহ জনগনের দোরগোড়ায় পৌছে দেয়া এখন বড় চ্যালেঞ্জ। অনলাইন চালান ভেরিফিকেশন, ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার এবং অনলাইন বেতন ও পেনশন নির্ধারন এর মতো চ্যালেঞ্জ মোকাবেলায় সিজিএ কার্যালয় ইতোমধ্যে সফল হয়েছে। সরকারের আর্থ সামাজিক কর্মকান্ডে আধুনিক হিসাব ব্যবস্থাপনা আনয়নের জন্য iBAS++ এর মত আধুনিক প্রযুক্তি প্রবর্তনের চ্যালেঞ্জও সিজিএ কার্যালয় মোকাবেলা করতে শতভাগ সক্ষম হবে বলে আমরা আশা করি।

## এ সংখ্যায় যা থাকছে


- সাম্প্রতিক অর্জন
- পরিদর্শন
- বিশেষ সভা
- সিনিয়র কর্মকর্তাদের সিজিএ কার্যালয় পরিদর্শন
- বিদেশী ও দাতা সংস্থার প্রতিনিধিদের সিজিএ কার্যালয় পরিদর্শন
- কর্পোরেট সোসাল রেসপনসিবিলিটি(সিএসআর)


## সাম্প্রতিক

### সিজিএ হিসেবে জনাব মোঃ আমির খসরু'র দায়িত্ব গ্রহণ

জনাব মোঃ আমির খসরু ১৯৫৮ সালের ৯ মে তারিখে জন্ম গ্রহণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ থেকে ১৯৭৮ সালে তিনি অনার্স (বিএসএস) এবং ১৯৭৯ সালে মাস্টার্স (এমএসএস) ডিগ্রি লাভ করেন। ১৯৯৫ সালে যুক্তরাজ্যের লন্ডনে অবস্থিতChartered Institute of Public Finance and Accountancy (CIPFA) থেকে Public Sector Auditing and Accounting বিষয়ে তিনি ডিপ্লোমা অর্জন করেন। বাংলাদেশ সিভিল সার্ভিস (বিসিএস) অডিট এন্ড একাউন্টস ক্যাডারের ১৯৮২ ব্যাচের একজন সদস্য হিসেবে জনাব মোঃ আমির খসরু ১৯৮৩ সালের ২৮ ডিসেম্বর অডিট ডিপার্টমেন্টে যোগদান করেন। দীর্ঘ চাকরি জীবনে তিনি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (স্বাস্থ্য মন্ত্রণালয়), অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক, অর্থ নিয়ন্ত্রক (বাংলাদেশ সমরাস্ত্র কারখানা), সিনিয়র অর্থ নিয়ন্ত্রক (পূর্ত), মহাপরিচালক (বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর), ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (পদ্ধতি), মহাপরিচালক (স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর), মহাপরিচালক (পূর্ত অডিট অধিদপ্তর), মহাপরিচালক (দূতাবাস অডিট অধিদপ্তর), মহাপরিচালক (ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমী) এবং ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিনিয়র)সহ সরকারের বিভিন্ন গুরত্বপূর্ণ পদের দায়িত্ব পালন করেন। হিসাব মহানিয়ন্ত্রক পদে যোগদানের অব্যবহিত পূর্বে তিনি কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স হিসেবে কর্মরত ছিলেন। সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করতে গিয়ে তিনি ভারত, পাকিস্তান, নেপাল, মায়ানমার, ভিয়েতনাম, ফিলিপাইন, চীন, কোরিয়া, উজবেকিস্তান, জাপান, অস্ট্রেলিয়া, রাশিয়া, বৃটেন, ইতালী, স্পেন, সুইডেন, সুইজারল্যান্ড, কানাডা ও আমেরিকাসহ বিভিন্ন দেশ ভ্রমন করেন। ব্যক্তি জীবনে তিনি বিবাহিত এবং দুই পুত্র ও এক কন্যা সন্তানের জনক।



মোঃ আমির খসরু
হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ

### বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক (APA)

হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের রূপকল্প (Vission), অভিলক্ষ্য (Mission) কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives), কার্যাবলী (Functions) ইত্যাদি নির্ধারণ করে অর্থ বিভাগের সাথে বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।



বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারকে স্বাক্ষর করছেন অর্থ বিভাগের সিনিয়র সচিব জনাব মাহবুব আহমেদ ও হিসাব মহানিয়ন্ত্রক জনাব মোঃ আমির খসরু

বিগত ৩০জুন, ২০১৬খ্রিঃ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে অর্থ বিভাগের আওতাধীন হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে অর্থ বিভাগের সিনিয়র সচিব এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

## সিজিএ কার্যালয়ের কাইযেন পুরস্কার লাভ




কাইযেন ক্রেস্ট গ্রহণ করছেন জামালপুর জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ শহীদুল্লাহ

জামালপুর জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ শহীদুল্লাহ কর্তৃক আগত পেনশন ভোগীদের জন্য প্রাথমিক স্বাস্থ্য সেবা ও বিশুদ্ধ খাবার পানি সরবরাহে অবদান রাখার জন্য IPS-TQM প্রকল্প থেকে সিজিএ কার্যালয় কে কাইযেন ক্রেস্ট প্রদান করা হয়। গত ২৫ জানুয়ারী,২০১৬ তারিখে রাজধানীর সোনারগাঁ হোটেলে আয়োজিত ন্যাশনাল কাইযেন কনভেনশনে মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী জনাব ইসমত আরা সাদিক এর কাছ থেকে অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক জনাব খান মোঃ ফেরদাউসুর রহমান এ ক্রেস্ট গ্রহণ করেন।



সাবেক সিজিএ জনাব মোঃ আবুল কাশেম এর নিকট কাইযেন ক্রেস্ট হস্তান্তর করছেন অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক জনাব খান মোঃ ফেরদাউসুর রহমান

## ডিসিএ রাজশাহী কার্যালয়কে শ্রেষ্ঠ ই-সেবা প্রদানকারী দপ্তর নির্বাচন

প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i প্রকল্পের আওতায় রাজশাহী জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত ডিজিটাল উদ্ভাবনী মেলা উপলক্ষ্যে ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (ডিসিএ), রাজশাহী কার্যালয়কে শ্রেষ্ঠ ই-সেবা প্রদানকারী দপ্তর হিসেবে পুরস্কৃত করা হয়। বিগত ২৩ জানুয়ারী, ২০১৬ তারিখে অনুষ্ঠিত এক পুরস্কার বিতরনী সভায় অনুষ্ঠানের প্রধান অতিথি জনাব ফজলে হোসেন বাদশা, মাননীয় সংসদ সদস্য ডিসিএ রাজশাহী জনাব মোঃ শরীফুল ইসলামের হাতে উপহার হিসেবে এ সংক্রান্ত ক্রেস্ট ও একটি প্রিন্টার তুলে দেন। জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর আওতায় ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস এর কার্যালয় অতি দ্রুততার সাথে অনলাইনে সরকারী কর্মচারীদের বেতন নির্ধারণ সংক্রান্ত কাজ সম্পন্ন করে।



ক্রেস্ট হাতে ডিসিএ, রাজশাহী জনাব মোঃ শরীফুল ইসলাম

ডিসিএ রাজশাহী কার্যালয় হতে অন লাইনে প্রায় ১২,০০০ সরকারী চাকুরীজিবীর বেতন নির্ধারণের পাশাপাশি জানুয়ারি, ২০১৬ হতে ইএফটি (Electronic Fund Transfer) এর মাধ্যমে প্রায় ৩,০০০ কর্মকর্তার বেতন পরিশোধ কার্যক্রম সংশ্লিষ্ট সুবিধাভোগীদেরকে আরও উৎসাহিত করেছে। এছাড়া জানুয়ারি,২০১৬ মাসে ডিসিএ রাজশাহী কার্যালয়ের অধীন জেলা হিসাবরক্ষণ অফিস, চাপাইনবাবগঞ্জ ও উপজেলা হিসাবরক্ষণ অফিস ডোমার, নীলফামারীকেও যথাক্রমে শ্রেষ্ঠ ই-সেবা প্রদানকারী এবং শ্রেষ্ঠ পেনশন সেবা প্রদানকারী দপ্তর হিসেবে পুরস্কৃত করা হয়।

## শ্রেষ্ঠ জেলা ও উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাদের সম্মাননা প্রদান




শ্রেষ্ঠ জেলা হিসাবরক্ষণ কর্মকর্তাদের সাথে সাবেক সিজিএ জনাব মোঃ আবুল কাশেম




শ্রেষ্ঠ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাদের সাথে সাবেক সিজিএ জনাব মোঃ আবুল কাশেম

হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের আওতাধীন জেলা ও উপজেলা হিসাবরক্ষণ কার্যালয়ে কর্মরত কর্মকর্তাদের মধ্য থেকে কর্মদক্ষতা ও পেশাদারিত্বের স্বীকৃতি প্রদানের লক্ষ্যে ২০১৪ সালের বিভাগ ভিত্তিক ৬ জন শ্রেষ্ঠ জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (ডিএও) ও ৬ জন শ্রেষ্ঠ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (ইউএও) নির্বাচন করা হয়। এ উপলক্ষ্যে ১৭ জানুয়ারী,২০১৬ তারিখে সেগুনবাগিচায় হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ে নির্বাচিত শ্রেষ্ঠ জেলা ও উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাদের সম্মাননা প্রদান করা হয়। অনুষ্ঠানে সকল প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সিএও) ও সংশ্লিষ্ট ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টসগণ উপস্থিত ছিলেন। হিসাব মহানিয়ন্ত্রক জনাব মোঃ আবুল কাশেম নির্বাচিত শ্রেষ্ঠ জেলা ও উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাদের হাতে সম্মানা ক্রেস্ট তুলে দেন।

## মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন

বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক জনাব মাসুদ আহমেদ গত ২০ জানুয়ারী, ২০১৬খ্রিঃ তারিখে জেলা হিসাবরক্ষণ অফিস, খাগড়াছড়ি পরিদর্শন করেন। পরিদর্শন কালে হিসাব মহানিয়ন্ত্রক জনাব মোঃ আবুল কাশেম তাঁর সঙ্গে ছিলেন। ডিএও, খাগড়াছড়িতে পরিদর্শন কালে সিএন্ডএজি মহোদয় সেখানকার কর্মপরিবেশ, বিভিন্ন ধরনের বুকস অব একাউন্টস এবং রেজিষ্ট্রার সমূহ পরীক্ষা-নিরীক্ষা করেন।



ডিএও, খাগড়াছড়ি পরিদর্শন করছেন মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এবং হিসাব মহানিয়ন্ত্রক

## বিশেষ সভা

### "VAT e-payment, Integration with iBAS & Other Commercial Banks" বিষয়ে সেমিনার

VAT Online Project এর তত্ত্বাবধানে বিগত ২মার্চ, ২০১৬খ্রিঃ তারিখে আইডিইবি ভবনে**"VAT e-payment, Integration with iBAS & Other Commercial Banks"** এর উপর এক সেমিনারের আয়োজন করা হয়। আইআরডি'র সেক্রেটারী এবং এনবিআর এর চেয়ারম্যান জনাব মোঃ নজিবুর রহমান এর সভাপতিত্বে উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংক এর সাবেক গভর্ণর ডঃ আতিয়ার রহমান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন অর্থ বিভাগের সিনিয়র সচিব জনাব মাহবুব আহমেদ, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব এম আসলাম আলম এবং হিসাব মহানিয়ন্ত্রক জনাব মোঃ আবুল কাশেম।



"VAT e-payment, Integration with iBAS & Other Commercial Banks" বিষয়ে সেমিনারে উপস্থিত বক্তাগণ

## সিনিয়র কর্মকর্তাদের সিজিএ কার্যালয় পরিদর্শন

### BPATC ট্রেইনি অফিসারদের সিজিএ কার্যালয় পরিদর্শন



সাভারে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) তে প্রশিক্ষণরত ৭৪তম সিনিয়র স্টাফ কোর্সে অংশগ্রহণকারী ট্রেইনি অফিসারগণ গত ২০ জানুয়ারী,২০১৬খ্রিঃ তারিখে সংযুক্তিমূলক এক প্রশিক্ষণে সিজিএ কার্যালয় পরিদর্শন করেন

## বিদেশী ও দাতা সংস্থার প্রতিনিধিদের সিজিএ কার্যালয় পরিদর্শন

### Pricewaterhousecoopers (PwC) *প্রতিনিধিদের CGA কার্যালয় পরিদর্শন*



Pricewaterhousecoopers (PwC) প্রতিনিধিদল গত ১জুন, ২০১৬ তারিখে হিসাব মহানিয়ন্ত্রক জনাব মোঃ আমির খসরু'র সাথে সাক্ষাৎ করেন। ইলেক্ট্রনিক পদ্ধতিতে সামাজিক নিরাপত্তা নেটওয়ার্কের আওতাভূক্ত আর্থিক সেবা প্রদান এবং জনসাধারণের কাছ থেকে Online এ বিভিন্ন ধরনের ফি আদায় সংক্রান্ত বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সিজিএ প্রশাসনের উর্দ্ধতন কর্মকর্তাগণ এসময় উপস্থিত ছিলেন।

### USAID প্রতিনিধিগণের সিজিএ কার্যালয় পরিদর্শন



USAID প্রতিনিধিদল গত ১৮ মে,২০১৬ খ্রিঃ তারিখে হিসাব মহানিয়ন্ত্রক জনাব মোঃ আমির খসরু'র সাথে সাক্ষাৎ করেন।

সাক্ষাৎকারে প্রতিনিধিদল "Country Development Cooperation Strategy (CDCS)" এবং"Public Financial Management Risk Assessment Framework (PFMRAF)" এর বিষয়ে মত বিনিময় করেন।

## কর্পোরেট সোসাল রেসপনসিবিলিটি (সিএসআর)

## সিজিএ জনাব মোঃ আবুল কাশেম কে বিদায়ী সংবর্ধনা

গত ২২জুন, ২০১৬ খ্রিঃ তারিখে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর অফিসে এবং ২৩জুন, ২০১৬খ্রিঃ তারিখে সিজিএ অফিসে সাবেক হিসাব মহানিয়ন্ত্রক জনাব মোঃ আবুল কাশেম এর সরকারী চাকুরী হতে অবসর গ্রহণ উপলক্ষ্যে এক বিদায় সংবর্ধনার আয়োজন করা হয়। সিএন্ডএজি অফিসে অনুষ্ঠিত বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল জনাব মাসুদ আহমেদ। অডিট এন্ড একাউন্টস সার্ভিসের অন্যান্য উর্দ্ধতন কর্মকর্তাগণও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বক্তাগণ জনাব মোঃ আবুল কাশেম এর বর্ণাঢ্য চাকুরি জীবনের বিভিন্ন দিক নিয়ে বিস্তর আলোচনা করেন।


জনাব মোঃ আবুল কাশেম, সিজিএ(অবঃ) কে বিদায়ী ক্রেস্ট প্রদান করছেন সিএন্ডএজি জনাব মাসুদ আহমেদ


সিজিএ কনফারেন্স রুমে জনাব মোঃ আবুল কাশেম, সিজিএ (অবঃ) এর বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত বিভিন্ন মন্ত্রণালয়ের সিএওগণ

## পেনশনারদের স্বাস্থ্য সেবা


Skype এর মাধ্যমে Online এ বিশেষজ্ঞ ডাক্তার কর্তৃক পেনশন ভোগীদের চিকিৎসা পরামর্শ প্রদান করা হচ্ছে সোনারগাঁ উপজেলা হিসাবরক্ষণ অফিসে।

নারায়নগঞ্জ এর সোনারগাঁ উপজেলা হিসাবরক্ষণ অফিসে সেবার মান বৃদ্ধির লক্ষ্যে নানাবিধ কর্মসূচী হাতে নিয়েছেন উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ আনোয়ার হাসেন। সেখানে আগত পেনশনভোগীদের জন্য তৈরী করা হয়েছে ওয়েটিং রুম এবং বিনা খরচে সোনারগাঁ উপজেলা হিসাবরক্ষণ অফিসের নিজস্ব প্যাডে পেনশনারদের প্রাথমিক চিকিৎসা পরামর্শ প্রদান করা হয়। হিসাবরক্ষণ অফিসের কর্মব্যস্ততার পাশাপাশি সম্প্রতি সেখানে Skype এর মাধ্যমে Online এ বিশেষজ্ঞ ডাক্তার কর্তৃক পেনশনভোগীদের চিকিৎসা পরামর্শ প্রদান করার কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এছাড়াও পেনশনারদের ওয়েটিং রুমের সৌন্দর্যবৃদ্ধি, আগত মহিলা পেনশনারদের নামাজের স্থান নির্মান, বিশুদ্ধ খাবার পানি সরবরাহ, টয়লেট সুবিধা নিশ্চিতকরন, বিনোদনের জন্য ওয়েটিং রুমে টিভি সংযোজনসহ বিভিন্ন ধরনের ক্ষুদ্র ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প হাতে নিয়েছেন উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা।

## সিজিএ কার্যালয়ের পেনশন ভোগীদের জন্য ওয়েটিং রুম


বিগত ১৬ ফেব্রুয়ারী,২০১৬খ্রিঃ তারিখে সিজিএ কার্যালয়ে পেনশন ভোগীদের জন্য নবনির্মিত ওয়েটিং রুম পরিদর্শন করেন সাবেক সিজিএ জনাব আবুল কাশেম ও ডিসিএজি(সিনিয়র) জনাব আবুল ফয়েজ মোঃ আবিদ

প্রকাশনায়ঃ হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
পিএবিএক্সঃ ৯৩৩০১০১-৫, ফ্যাক্সঃ +৮৮-০২-৯৩৩০১০৭,
ই-মেইলঃ cga@finance.gov.bd, ওয়েবঃ www.cga.gov.bd